প্রথম আলো

তারিখ 14 DEC 2017
পৃষ্ঠা ৩ কলাম ৮

এসএসসি, এইচএসসি পরীক্ষার ফরম পূরণ

# বর্ধিত ফি ফেরত না দিলে কমিটি স্থগিত

নিজস্ব প্রতিবেদক ●

মাধ্যমিক (এসএসসি), উচ্চমাধ্যমিক (এইচএসসি) বা সমমানের পরীক্ষার ফরম পূরণে কোনো শিক্ষাপ্রতিষ্ঠানের নেওয়া বর্ধিত ফি ৩০ দিনের মধ্যে ফেরত না দিলে সেসব শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের কার্যক্রম স্থগিত থাকবে বলে আদেশ দিয়েছেন হাইকোর্ট।

বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি মোহাম্মদ উল্লাহর সমন্বয়ে গঠিত হাইকোর্টের বেঞ্চ গতকাল বুধবার এ আদেশ দেন। পরবর্তী আদেশের জন্য আগামী ৪ ফেব্রুয়ারি দিন রাখা হয়েছে।

আদালতে ঢাকা শিক্ষা বোর্ডের পক্ষে শুনানি করেন আইনজীবী মো. মিজানুর রহমান। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল তাপস কুমার বিশ্বাস।

আদালত বলেছেন, কোনো শিক্ষাপ্রতিষ্ঠান এসএসসি, এইচএসসি বা সমমানের পরীক্ষায় শিক্ষা বোর্ডের নির্ধারিত ফির বাইরে যাতে বর্ধিত কোনো ফি আদায় না করতে পারে এবং না করে, এ মর্মে বোর্ডগুলো কঠোর সতর্কতা আরোপ করবে। যদি কোনো প্রতিষ্ঠান এর ব্যত্যয় ঘটায়, তাহলে ওই শিক্ষাপ্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডির বিরুদ্ধে ইতিপূর্বে (২০১৫ সালের ৬ জানুয়ারি) দেওয়া নির্দেশনার আলোকে ব্যবস্থা নিতে বলা যাচ্ছে। আদায় করা বর্ধিত ফি ৩০ দিনের মধ্যে ফেরত দেওয়া না হলে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডির কার্যক্রম স্থগিত থাকবে। কোনো শিক্ষার্থীকে ওই ফি অনাদায়ের কারণে এসএসসি, এইচএসসি বা সমমানের পরীক্ষায় অংশগ্রহণ থেকে বিরত রাখা যাবে না।

আইনজীবী সূত্র বলেছে, 'এসএসসির ফরম পূরণ শুরু, আট গুণ বাড়তি ফি আদায়' শিরোনামে গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন বিবেচনায় নিয়ে ২০১৪ সালে হাইকোর্ট স্বতঃপ্রণোদিত রুল দিয়েছিলেন। এর ধারাবাহিকতায় ২০১৫ সালের ৬ জানুয়ারি হাইকোর্ট আদেশ দেন।

আদেশে যেসব শিক্ষাপ্রতিষ্ঠান মাধ্যমিক পরীক্ষায় অংশ নিতে ফরম পূরণ বাবদ শিক্ষা বোর্ড নির্ধারিত ফির বাইরে অতিরিক্ত অর্থ নিয়েছে, তা ফেরত দিতে সময় বেঁধে দেন। অন্যথায় শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচালনা কমিটি বাতিল হবে। তাঁরা তিন বছরের জন্য নির্বাচনে অংশগ্রহণের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবেন। এ জন্য শিক্ষাসচিব ও শিক্ষা বোর্ডগুলোর চেয়ারম্যানকে আদেশ জারি করতেও বলা হয়।